# সাহিত্য অকাদেমিতে আশুতোষ অগ্নিহোত্রীর কবিতা পাঠ

মেহের সেখ ঃ- ১৭ই জুলাই বৃহস্পতিবার সাহিত্য অকাদেমির প্রধান কার্যালয় দিল্লিতে 'সাহিত্য মঞ্চ' কার্যক্রমের অঙ্গ হিসেবে হিন্দী ও ইংরেজী সাহিত্যের প্রখ্যাত কবি আশুতোষ অগ্নিহোত্রীর কবিতা পাঠের আয়োজন করা হয়। প্রথমেই কবি আশুতোষ অগ্নিহোত্রীকে উত্তরীয় পরিয়ে এবং বই উপহার দিয়ে অনুষ্ঠানে স্বাগত জানান সাহিত্য অকাদেমির সচিব ড.কে.শ্রীনিবাস রাও। এরপর কবিতা পাঠের পূর্বে আশুতোষ অগ্নিহোত্রী তাঁর লেখালেখির যাত্রাপথ বিষয়ে কিছু কথা উপস্থিত শ্রোতাদের শোনান। এদিন তিনি প্রথম কবিতা পাঠ করেন ২০১৮ সালে তাঁর লেখা প্রথম কাব্যগ্রন্থ 'স্পন্দন' থেকে। এরপর একে একে তাঁর লেখা ডজন খানেক কবিতা পাঠ করে এদিন শ্রোতাদের শোনান তিনি। কবিতা পাঠের পর তাঁর কবিতা নিয়ে শ্রোতাদের বিভিন্ন ধরনের কৌতুহলমূলক প্রশ্নের মুখোমুখি হয়ে তাদের সন্তোষজনক উত্তর প্রদান করেন তিনি। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাহিত্য অকাদেমির উপসচিব ড. দেবেন্দ্র কুমার দেবেশ।